**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 23-10-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-50 PM** **Compiling : Susmita Sen**
**DEO : KB** **NR : Susmita S.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর প্রস্তুতি নিয়ে নির্বাচন কমিশনের দুদিনের মুখ্য নির্বাচনী আধিকারিকদের সম্মেলন আজ শেষ হয়েছে। # নির্বাচন কমিশন, দুদিনের এই সম্মেলনে বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে SIR-এর প্রস্তুতি দ্রুত শেষ করার নির্দেশ দিয়েছে।

২/ পূর্ব কলকাতা জলাভূমির পরিবেশগত গুরুত্ব সম্পর্কে সচেতনতা গড়ে তুলতে একটি প্রকৃতি পর্যবেক্ষণ কেন্দ্র গড়ে তোলা হবে।

৩/ আজ ভ্রাতৃদ্বিতীয়া। ভাইয়ের মঙ্গল, দীর্ঘজীবন ও সুস্বাস্থ্য কামনায় বোনেরা ভাইয়ের কপালে ফোঁটা দিচ্ছেন।

৪/ দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপে কালী মূর্তি ভাঙার ঘটনায় আজ একজনকে গ্রেপ্তার করা হয়েছে।

৫/ দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগরে বর্তমানে একটি ঘূর্ণাবর্ত অবস্থান করছে যেটি আগামী ২৪ ঘণ্টায় সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হবার সম্ভাবনা। # তবে আগামী কয়েক দিন, রাজ্যের আবহাওয়া মূলতঃ শুষ্কই থাকবে।

*******************************************************************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর প্রস্তুতি নিয়ে নির্বাচন কমিশনের দুদিনের মুখ্য নির্বাচনী আধিকারিকদের সম্মেলন আজ শেষ হয়েছে। নতুন দিল্লির 'ইন্ডিয়া-ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর ডেমোক্রেসি অ্যান্ড ইলেক্টোরাল ম্যানেজমেন্ট'-IIIDEM-এ  এই সম্মেলনের সভাপতিত্ব করেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার। উপস্থিত ছিলেন নির্বাচন কমিশনার ডঃ সুখবীর সিং সান্ধু ও ডঃ বিবেক যোশী। দেশের সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের সিইওরা এই বৈঠকে অংশ নেন।

সম্মেলনে কমিশন CEO-দের তাদের নিজ নিজ রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে বিশেষ নিবিড় সংশোধন-SIR প্রক্রিয়ার প্রস্তুতি দ্রুত শেষ করার নির্দেশ দিয়েছে। কমিশনের ঊর্ধ্বতন আধিকারিকদের উপস্থাপনার পর CEO-দের করা প্রশ্নেরও বিস্তারিত ব্যাখ্যা দেওয়া হয়েছে। কমিশন বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে শেষ SIR -এর ভিত্তিতে বর্তমান ভোটারদের তথ্য মিলিয়ে দেখার জন্য পূর্বে জারি করা নির্দেশাবলীর অগ্রগতি পর্যালোচনা করেছে।

পাশাপাশি আসাম, তামিলনাড়ু, পুদুচেরি, কেরল ও পশ্চিমবঙ্গ—এই পাঁচটি নির্বাচনমুখী রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের CEO-দের সঙ্গে পৃথকভাবে আলোচনা করেছে কমিশন। সম্মেলনে সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল তাদের সর্বশেষ সম্পন্ন SIR-এর তথ্য, যোগ্যতার তারিখ এবং বর্তমান ভোটার তালিকার পরিসংখ্যান বিস্তারিতভাবে উপস্থাপন করে।

কমিশন সূত্রে জানা গেছে, SIR প্রস্তুতির এই চূড়ান্ত পর্বে ভোটার তালিকার ত্রুটিহীনতা, অন্তর্ভুক্তি ও স্বচ্ছতা বজায় রাখতে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে, যাতে আগামী নির্বাচনে প্রতিটি যোগ্য নাগরিকের নাম ভোটার তালিকায় সুনিশ্চিত থাকে।

********************

কলকাতার SSKM হাসপাতালে এক নাবালিকাকে শ্লীলতাহানির অভিযোগে ধৃত অমিত মল্লিককে আজ আলিপুরে বিশেষ আদালতে তোলা হলে, একদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়। আগামীকাল আবার তাকে আদালতে হাজির করা হবে।

গতকাল বিকেলে মা-বাবার সঙ্গে বছর ১৫-র ওই নাবালিকা, OPD-তে ডাক্তার দেখাতে আসে। টিকিট কেনার জন্য মা-বাবা যখন লাইনে দাঁড়িয়ে ছিলেন, সেই সময় NRS

হাসপাতালের এক অস্থায়ী কর্মী অমিত মল্লিক, মেয়েটিকে শৌচাগারে ডেকে নিয়ে যায়। সেখানেই তাকেও শ্লীলতাহানি করা হয় বলে অভিযোগ। নাবালিকার চিৎকারে অমিত পালিয়ে গেলেও, রাতেই তাকে ধাপা এলাকা থেকে গ্রেপ্তার করা হয়। ভবানীপুর থানায় তার বিরুদ্ধে পক্সো আইনে মামলা দায়ের করা হয়েছে। পুলিশ জানিয়েছে, SSKM-এর প্রাক্তন অস্থায়ী কর্মী হওয়ার সুবাদে হাসপাতালে অমিতের অবাধ যাতায়েত ছিল।

এই ঘটনায় কড়া ব্যবস্থা নেওয়া, হাসপাতালে দুর্নীতি ও দুষ্কৃতীরাজের অবসান ঘটানোর দাবী জানিয়ে SSKM হাসপাতালের সামনে DYFI আজ বিক্ষোভ দেখায়।

*******************

হাওড়ার উলুবেড়িয়ায় শরৎচন্দ্র চট্টোপাধ্যায় গভর্মেন্ট মেডিকেল কলেজ হাসপাতালে কর্তব্যরত মহিলা জুনিয়ার চিকিৎসককে নিগ্রহের ঘটনায় ধৃত শেখ সম্রাটকে গতকাল উলুবেড়িয়া আদালতে তোলা হলে দুদিনের পুলিশ হেফাজত হয়েছে। এই নিয়ে এই ঘটনায় তিনজনকে গ্রেপ্তার করা হল। এর আগে ধৃত মূল অভিযুক্ত অস্থায়ী হোমগার্ড শেখ বাবুলাল এবং অপর অভিযুক্ত শেখ হাসিবুলকে তিনদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়। হাসপাতালের সিসিটিভি ফুটেজ দেখেই এই তিনজনকে ধরা হয়। বাকিদের খোঁজে তল্লাশি চলছে।

ইতোমধ্যে অস্থায়ী হোমগার্ডের পদ থেকে বাবুলালকে সরিয়ে দেওয়া হয়েছে বলে জানা গেছে। হাসপাতালের নিরাপত্তার দায়িত্বে থাকা বেসরকারি সংস্থাকে ‘শোকজ’ করা হয়েছে বলেও সূত্রের খবর।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায় গভর্মেন্ট মেডিকেল কলেজে কর্তব্যরত মহিলা জুনিয়ার চিকিৎসককে নিগ্রহের প্রতিবাদে আগামীকাল প্রতীকী পেন ডাউনের সিদ্ধান্ত নিয়েছেন সিনিয়ার রেসিডেন্ট ডাক্তাররা। সকাল ৯ টা থেকে দুপুর ২ টো পর্যন্ত এই কর্মসূচী চলার কথা ।

*******************

বীরভূমের মহম্মদবাজারে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে এক মদ্যপ যুবকের হাতে নার্সের আক্রান্ত হওয়ার ঘটনায় ধৃত রাজীব কাহারকে আজ সিউড়ি আদালত ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছে।

উল্লেখ্য, চিকিৎসা করানোর নামে গত সন্ধ্যায় ঐ স্বাস্থ্য কেন্দ্রে ঢুকে নার্সের মাথায় পাথর দিয়ে আঘাত করে অভিযুক্ত। বর্তমানে সিউড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন ঐ নার্স। তার মাথায় ২২ টি সেলাই পড়েছে। হাসপাতালের অভিযোগের ভিত্তিতে গতরাতেই রাজীবকে গ্রেপ্তার করা হয়।

********************

কালীপুজোর পরদিন উত্তর ২৪ পরগণার আলমবাজারে এক তরুণীর সঙ্গে অভব্য আচরণের অভিযোগে ধৃত বাবলু মাদি-কে আজ ব্যারাকপুর আদালতে তোলা হলে ২৮শে অক্টোবর পর্যন্ত জেল হেফাজতের নির্দেশ দেওয়া হয়। ওই তরুণী মেট্রো থেকে নেমে বাড়ি ফেরার সময় বাবলু তাঁকে ধাক্কা মারে ও অভব্য আচরণ করে। তরুণীর অভিযোগের ভিত্তিতে হুগলীর বাসিন্দা ওই ব্যক্তিকে পুলিশ গতকালই গ্রেপ্তার করে। বাবলু দক্ষিণেশ্বর এলাকায় অটো চালাতো বলে জানা গেছে।

********************

পূর্ব কলকাতা জলাভূমির পরিবেশগত গুরুত্ব সম্পর্কে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা গড়ে তুলতে নলবন ভেরিতে একটি প্রকৃতি পর্যবেক্ষণ কেন্দ্র বা নেচার ইন্টারপ্রিটেশন সেন্টার গড়ে তোলা হবে। পরিবেশ দফতরের অধীন ইস্ট কলকাতা ওয়েটল্যান্ডস ম্যানেজমেন্ট অথরিটি, এর জন্য দরপত্র আহ্বান করেছে। প্রায় ২০ কোটি টাকার এই প্রকল্পটি চুক্তি স্বাক্ষরের এক বছরের মধ্যে সম্পূর্ণ করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। প্রস্তাবিত কেন্দ্রটিতে আধুনিক ইন্টার‍্যাকটিভ গ্যালারি, প্রদর্শনী হল ও উন্মুক্ত প্রকৃতি পর্যবেক্ষণ ক্ষেত্র থাকবে, যাতে মানুষ প্রকৃতি রক্ষা ও সুস্থায়ী উন্নয়নের সমন্বয় সম্পর্কে ধারণা তৈরি করতে পারেন। এই কেন্দ্রটিকে গবেষণা, প্রশিক্ষণ ও বিনোদনের কেন্দ্র হিসাবে পরিকল্পনা করা হচ্ছে।

********************

দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপে কালী মূর্তি ভাঙার ঘটনায় আজ একজনকে গ্রেপ্তার করা হয়েছে।

উল্লেখ্য, গতকাল কাকদ্বীপের সূর্যনগর গ্রাম পঞ্চায়েতের একটি মন্দিরে কালী বিগ্রহের ভাঙচুরের অভিযোগে গতকাল এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়ায়। গ্রামবাসীদের অভিযোগ, রাতের অন্ধকারে কেউ বা কারা বিগ্রহ ভাঙচুর করে চলে যায়। খবর পেয়ে হারুডপয়েন্ট কোস্টাল থানার পুলিশ ঘটনাস্থলে গেলে গ্রামবাসীরা ক্ষোভে ফেটে পড়েন এবং দোষীদের গ্রেফতারের দাবীতে ১১৭ নম্বর জাতীয় সড়ক অবরোধ করেন। পরে বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে গিয়ে অবরোধকারীদের সরিয়ে দেয় এবং বিগ্রহটিকে প্রিজন ভ্যানে করে তুলে নিয়ে যায়। বেশ কয়েকজন অবরোধকারীকে আটক করা হয়েছে। এলাকায় উত্তেজনা প্রশমনে পুলিশ মোতায়েন রয়েছে।

অন্যদিকে, পুরুলিয়া শহরের সদর থানার সামনে আজ এর প্রতিবাদে
বিক্ষোভ দেখায় হিন্দু সচেতনতা মঞ্চ নামে একটি সংগঠন।

********************

কোচবিহারের মেখলিগঞ্জ থেকে পুলিশ আজ পাঁচ বাংলাদেশিকে গ্রেফতার করেছে।
পুলিশ সূত্রে জানা গেছে মোঃ আরিফুল, মোহাম্মদ রবিউল ইসলাম, মোঃ সোহাগ, মোঃ রুবেল ইসলাম এবং মোঃ লাজু নামে এই ৫ বাংলাদেশী বেআইনিভাবে ভারতে প্রবেশ করে মেখলিগঞ্জ এর ডোরাডাবরি এলাকায় আশ্রয় নিয়েছিল। এদের প্রত্যেকের বাড়ি বাংলাদেশের লালমনিরহাট জেলায়। তাদের কাছ থেকে একটি করে মোবাইল এবং ভারত ও বাংলাদেশ দুই দেশের সিম উদ্ধার করেছে পুলিশ।

********************

আজ ভ্রাতৃদ্বিতীয়া। কার্তিক মাসের শুক্ল পক্ষের দ্বিতীয়া তিথিতে ভাইফোটা পালিত হয়ে থাকে। কোথাও কোথাও প্রতিপদ এবং তৃতীয়া তিথিতেও পালন করা হয় ভাইফোঁটা।

ভাইয়ের মঙ্গল, দীর্ঘজীবন ও সুস্বাস্থ্য কামনায় বোনেরা ভাইয়ের কপালে ফোঁটা দেন। চলে উপহার বিনিময়ও। মাছ, মাংস, শাক সব্জী ইত্যাদির দাম চড়া হলেও সাধ্যমত খাওয়া-দাওয়ার আয়োজন করা হয়।

একটি প্রতিবেদন – ( ভয়েসকাস্ট- অভিজিত )

********************

পশ্চিম মেদিনীপুরের ঘাটালে বিবেকানন্দ মোড়ে ভারতীয় রেড ক্রস সোসাইটি-র উদ্যোগে দুর্বার পল্লীতে যৌন কর্মীদের নিয়ে আজ ভাইফোঁটা অনুষ্ঠিত হয়। ঘাটালের মহকুমা শাসক এবং অন্য প্রশাসনিক আধিকারিকদের দুর্বার পল্লীর মহিলারা ফোঁটা দেন। তাঁদের মিষ্টি ও নতুন বস্ত্র উপহার দেন মহকুমা শাসক।

দক্ষিণ ২৪ পরগণার গঙ্গাসাগরের ধবলাট রাসপুর এলাকায় ম্যানগ্রোভ চারাগাছকে ভাইয়ের আসনে বসিয়ে ফোঁটা দিয়েছেন এলাকার মহিলারা। প্রকৃতির রুদ্র রোষ থেকে সুন্দরবনকে রক্ষা করতে এবং নদী বাঁধ শক্ত করতে ম্যানগ্রোভের গুরুত্ব অপরিসীম—এই ভাবনা নিয়েই নন্দকুমারপুরের ‘সবুজ সংঘ’ ও এসবিআই ব্যাংকের উদ্যোগে প্রায় ৭৫ বিঘা এলাকায় ম্যানগ্রোভ রোপণ করা হয়েছে।

********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ,২৬ শে অক্টোবর , আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৭-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

********************

দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগরে বর্তমানে একটি ঘূর্ণাবর্ত অবস্থান করছে যেটি আগামী ২৪ ঘণ্টায় সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হবার সম্ভাবনা।

আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে বলেন, আন্দামান ও নিকোবর অঞ্চলে প্রবল বৃষ্টির পূর্বাভাস থাকলেও আগামী পাঁচ দিন রাজ্যের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

( বাইট- হাবিবুর রহমান )

*******************************************************************